বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ধাতব মুদ্রা/২০১৯-২০২০/৯০৯ তারিখঃ ১৪-০১-২০২০

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ এর নির্দেশনা অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ না করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে জারীকৃত ০৭-০১-২০২০ তারিখের সূত্র নং-ইহিশাঃ১১৪/২০২০-১৬৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ১২-১১-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-১২/২০১৫ এর নির্দেশনা মোতাবেক জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমান ধাতব মুদ্রার প্রতিটির ন্যূনতম ১০,০০০ পিস করে সংরক্ষণ করতে হবে; তবে স্থানীয় কার্যালয় ও বড় শাখাকে বর্ণিত সংখ্যার তিনগুন অর্থাৎ প্রতিটি মুল্যমানের ৩০,০০০ পিস করে ধাতব মুদ্রা সংরক্ষণ করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক অত্র বিভাগ হতে ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে বিভিন্ন পত্র জারী করা হয়েছে পত্র নং-১২৫১, ৯৮৪, ১৬৭৯ ও ১৪৩ তারিখ যথাক্রমে ১১-০৪-২০১৭, ১২-১২-২০১৮, ০৯-০৫-২০১৯ ও ২৩-০৭-২০১৯ মুলে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও অধিকাংশ শাখাগুলোতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার তুলনায় খুবই অল্প সংখ্যক ধাতব মুদ্রা সংরক্ষণ করা হয়, যা মোটেই কাম্য নয়।

০৩। বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট হতে পত্র নং-ইহিশাঃ১১৪/২০২০-১৬৪ তারিখ ০৭-০১-২০২০ মুলে জানানো হয়েছে ৩১/১০/২০১৯ পর্যন্ত বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩৫ টি শাখায় উক্ত নির্দেশনা অনুসারে ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রার প্রতিটির ন্যূনতম ১০,০০০(দশ হাজার) পিস স্থিতি সংরক্ষণে ব্যর্থ হয়েছে। বর্ণিত নির্দেশনা অনুসারে ন্যূনতম মাত্রায় ধাতব মুদ্রা অনতিবিলম্বে সংরক্ষণ করে আগামী ২০ জানুয়ারী, ২০২০ তারিখের মধ্যে উপযুক্ত দালিলিক প্রমানসহ জবাব প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা সংরক্ষণের ব্যর্থতার কারণ সকল বিভাগীয় কার্যালয়কে ফিরতি ই-মেইলে অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায় সকল শাখার ক্যাশ অফিসার, ও ব্যবস্থাপকগনকে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা সংরক্ষণ করার বিষয়ে কঠোর নির্দেশনা দেয়া হলো। একই সাথে সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ এবং সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণকে বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলের উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ০১(এক) পাতা।

১৪/০১/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ধাতব মুদ্রা/২০১৯-২০২০/৯০৯ তারিখঃ ১৪-০১-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৪/০১/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

সূত্র নংঃ ইহিশাঃ ১১৪/২০২০-১৬৪

০৭ জানুয়ারি , ২০২০

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৬৬৩৪ তারিখ ঃ ০৭.০১.২০২০
ডিএমডি
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আপনাদের কর্তৃক অত্র বিভাগে প্রেরিত ধাতব মুদ্রা সংরক্ষণ সংক্রান্ত মাসিক বিবরণী পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, ৩১/১০/২০১৯ তারিখে আপনাদের ব্যাংকের ১০৩৫টি শাখা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রার প্রতিটির ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) পিস স্থিতি সংরক্ষণে ব্যর্থ হয়েছে যা মোটেই কাম্য নয় (সংযোজনী-১)।

এমতাবস্থায় আপনাদের ব্যাংকের ১০৩৫টি শাখায় ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ তারিখ ১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদের বর্ণিত নির্দেশনা অনুসারে ন্যূনতম মাত্রায় ধাতব মুদ্রা অনতিবিলম্বে সংরক্ষণ করে আগামী ২০ জানুয়ারি, ২০২০ তারিখের মধ্যে উপযুক্ত দালিলিকসহ প্রমাণ অত্র বিভাগকে অবহিত করার পুনরায় পরামর্শ দেয়া হল।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর............তারিখ ঃ
সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ / ২ / ৩
উপ-মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত

(হাসান তারেক খাঁন)
যুগ্ম পরিচালক
ফোন ঃ +৮৮-০২-৫৫৬৬৫০০১-২০/২০৮৭২
মোবাইলঃ ০১৯১১-৩৬৬৯১৪
ই-মেইলঃ hasan.khan@bb.org.bd।